ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-১৯১৯
উদয়পুর, ২৪ জুলাই, ২০২৫

**গোমতী জেলাভিত্তিক গুরু পূর্ণিমা উৎসব ২০২৫ উদযাপিত**

উদয়পুরের রাজর্ষি হলে তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে এবং উদয়পুর পুর পরিষদের সহযোগিতায় আজ গোমতী জেলাভিত্তিক গুরু পূর্ণিমা উৎসব উদযাপন করা হয়। অনুষ্ঠানের উদ্বোধন করে বিধায়ক রামপদ জমাতিয়া বলেন, গুরুর আশীর্বাদ ছাড়া জীবনে প্রতিষ্ঠিত হওয়া অসম্ভব। তাই গুরু শিষ্য সম্পর্কের গভীরতা জানতে হবে। বর্তমান প্রজন্মের কাছে তা তুলে ধরতে হবে। গুরুকে সম্মান করতে হবে। অনুষ্ঠানে এছাড়া বক্তব্য রাখেন সমাজসেবী সবিতা নাগ।

অনুষ্ঠানে এছাড়া উপস্থিত ছিলেন গোমতী জেলার জেলা শিক্ষা আধিকারিক কল্যাণ ভদ্র। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন তথ্য ও সংস্কৃতি দপ্তরের সহ অধিকর্তা অজয় দে। সভাপতিত্ব করেন গোমতী জিলা পরিষদের সহকারি সভাধিপতি সুজন কুমার সেন। আজকের এই অনুষ্ঠানে বিভিন্ন সাংস্কৃতিক সংস্থার শিল্পীগণ তাদের গুরুর প্রতি শ্রদ্ধা জানান। গুরু পূর্ণিমা উপলক্ষ্যে বিশিষ্ট অবসরপ্রাপ্ত শিক্ষক দেবল ভট্টাচার্য, বিশিষ্ট অবসরপ্রাপ্ত শিক্ষিকা রাকা রায় এবং অবসরপ্রাপ্ত ডেপুটি আইএস নব কিশোর জমাতিয়াকে সংবর্ধনা দেওয়া হয়।

******